

২০২০

বাংলা

(অনার্স)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-H-SEC-T-1

(সাহিত্য পাঠদান ও প্রয়োগ বৈচিত্র্য)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ছয় থেকে আট পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) পাঠ পরিকল্পনার জন্য একজন শিক্ষকের যে বিষয়গুলি সম্পর্কে সচেতনতা দরকার তার যে কোন দুটি উল্লেখ করো।
- খ) যৌথ আলোচনা কি? সূচক বক্তৃতা বলতে কি বোঝায়?
- গ) 'পুঁইমাচা' গল্পের নাট্যাভিনয়ে-র একটি পোস্টার তৈরি করো।
- ঘ) 'শাস্তি' গল্প অনুসারে এই গল্পের নাট্যরূপদানের অসুবিধার যে কোন দুটি ক্ষেত্র চিহ্নিত করো।
- ঙ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন'-র প্রথম সংস্করণের সূচনায় তিনি যে জন্মসাল উল্লেখ করেছেন তা বলো। 'মঙ্গলাচরণ' কোথায় রয়েছে?

- চ) "কন্যারত্ন সযতনে নিযুক্ত সেবায়।  
যখন যা প্রয়োজন সন্মুখে যোগায়।" — কার লেখা কোন গ্রন্থের অংশ? এই অংশটি কোথায় রয়েছে?
- ছ) 'শ্রীকান্তর ভ্রমণ কাহিনী' — কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? লেখক হিসেবে প্রথম এখানে কি নাম ছিল?
- জ) 'ডাকঘর' নাটকের কটি দৃশ্য? এই নাটকে রাজ কবিরাজের আগমন কখন ঘটেছে?

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রের বিষয় নির্বাচন ও আলোচনাচক্রের বিষয় উপবিভাগ কিভাবে করা যায় সে বিষয়ে একটি নিবন্ধ রচনা করো।
- খ) 'শ্রেণীকক্ষে সাহিত্য পাঠদান এবং অনলাইন মাধ্যম' বিষয়ে একটি বিশ্লেষণমূলক আলোচনা করো।
- গ) 'পুঁইমাচা' গল্পের একটি সংক্ষিপ্ত নাট্যরূপ নির্মাণ করো।
- ঘ) 'প্রাক চল্লিশ বাংলা ছোটগল্প' — এই বিষয়ের উপর (৩০০ শব্দের মধ্যে) একটি আলোচনাচক্রের পরিকল্পনা পেশ করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন' গ্রন্থটির একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।
- খ) 'শাস্তি' গল্পের নাট্যরূপ নির্মাণ করো।
- গ) 'রবীন্দ্র উপন্যাসে স্বদেশ ভাবনা' — বিষয়ে একটি আলোচনাচক্র সংগঠন বিষয়ে সংক্ষেপে তোমার পরিকল্পনা উপস্থাপন করো।
- ঘ) 'মহেশ' গল্পের নাট্যরূপদান করো।